

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৫৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তৃতীয় অনুচ্ছেদ - দু'বার সালাত আদায় করা

আরবী

وَعَن بسر بن محجن عَن أَبِيه أَنَّهُ كَانَ فِي مَجْلِسٍ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى وَرَجَعَ وَمِحْجَنُ فِي مَجْلِسِهِ فَأُذِّنَ بِالصَّلَاةِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى وَرَجَعَ وَمِحْجَنُ فِي مَجْلِسِهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مَنَعَكَ أَنْ تُصَلِّيَ مَعَ النَّاسِ؟ أَلَسْتَ بِرَجُلٍ مُسْلِمٍ؟» فَقَالَ: بَلَى يَا رَسُولَ اللَّهِ وَلَكِنِّي كُنْتُ قَدْ صَلَّيْتُ فِي أَهْلِي فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ مَلَيْتُ فَي أَهْلِي فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا جِئْتَ الْمَسْجِدَ وَكُنْتَ قَدْ صَلَيْتَ فَأُقِيمَتِ الصَّلَاةُ فَصَلِّ مَعَ النَّاسِ وَإِنْ كُنْتَ قَدْ صَلَيْتَ» . رَوَاهُ مَالك وَالنَّسَائِي

বাংলা

১১৫৩-[8] বুসর ইবনু মিহজান (রহঃ) থেকে বর্ণিত। তিনি তার পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি (তার পিতা মিহজান) এক সভায় রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলেন। এমন সময় আযান হয়ে গেল। তাই রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সালাতের জন্যে দাঁড়িয়ে গেলেন ও সালাত আদায় করলেন। সালাত শেষ করে ফিরে আসলেন। দেখলেন মিহজান তার স্থানে বসে আছে। তিনি তাকে প্রশ্ন করলেন। মানুষের সঙ্গে (জামা'আতে) সালাত আদায় করতে তোমাকে কোন জিনিস নিষেধ করেছিল? তুমি কি মুসলিম না। মিহজান বলল, হ্যাঁ, হে আল্লাহর রসূল! আমি মুসলিম। কিন্তু আমি আমার পরিবারের সঙ্গে সালাত আদায় করে এসেছি। রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তোমার বাড়িতে সালাত আদায় করে আসার পরে মসজিদে এসে সালাত হচ্ছে দেখলে লোকদের সঙ্গে (জামা'আতে) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে তুমি (এর পূর্বে) সালাত আদায় করে থাকলেও। (মালিক, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৮৫৭, ইবনু হিব্বান ২৪০৫, মুসনাদ আশ্ শাফি'ঈ ১০৪৩, মালিক ৪৩৫, আহমাদ ১৬৩৯৩, দারাকুত্বনী ১৫৪১, মুসতাদরাক লিল হাকিম ৪৯০, সুনান আল কুবরা লিল বায়হাকী ৩৬৩৮, সহীহাহ্ ১৩৩৭, সহীহ



ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا مَنَعَكَ أَنْ تُصَلِّيَ مَعَ النَّاسِ؟) "লোকদের সাথে সালাত আদায় করতে তোমাকে কিসে বাধা দিলো।" অর্থাৎ আমার সাথে যে মুসলিম জামা'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলো তুমি তাদের সাথে সালাত আদায় করলে না কেন? এর কারণ কি?

(إَلَسْتَ بِرَجُلٍ مُسْلِمٍ) "তুমি কি মুসলিম নও?" বাজীরা বলেনঃ এখানে হামযাহ্ অব্যয়িটি প্রশ্নবোধক হতে পারে। আবার তাওবীখ তথা ভৎর্সনা ও ধমকের জন্যও হতে পারে। আর সর্বশেষটিই প্রকাশমান। এতে এটা বুঝা যায় না যে, কোন মুসলিম জামা'আতের সাথে সালাত আদায় না করলেই সে অমুসলিম।

وَلَكِنِّي) "সে বলল, হ্যাঁ, হে আল্লাহর রসূল!" আমি প্রকৃতপক্ষেই একজন মুসলিম। (فَقَالَ: بَلَى يَا رَسُولَ اللهِ) "তবে আমি তো আমার আহলে তথা বাড়ীতে সালাত আদায় করেছি। বাড়ীতে আদায় করা সালাতকে যথেষ্ট মনে করে পুনরায় সালাত আদায় করিনি।

(فَصَلِّ مَعَ النَّاسِ وَإِنْ كُنْتَ قَدْ صَلَّيْت) "সালাত আদায় করে থাকলেও তুমিই লোকদের সাথে পুনরায় সালাত আদায় করবে"। অর্থাৎ বাড়ীতে সালাত আদায় করার পর মসজিদে এসে লোকজনদেরকে সালাতরত পেলে তাদের সাথে পুনরায় সালাত আদায় করবে।

হাদীসের শিক্ষাঃ কোন ব্যক্তি বাড়ীতে একাকী অথবা জামা'আতে সালাত আদায় করার পর মসজিদে এসে ইমামকে সালাতরত পেলে অথবা তার আগমনের পর ইমাম সালাতরত হলে সে ব্যক্তি ইমামের সাথে পুনরায় সালাত আদায় করবে। তা পাঁচ ওয়াক্ত সালাতের যে কোন সালাতই হোক না কেন। তার প্রথম আদায়কৃত সালাত ফর্য সালাত হিসেবে গণ্য হবে। আর প্রের সালাতিট নফল সালাত হিসেবে হিসেবে গণ্য হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন